R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
শ্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মিঞাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৪শ বর্ষ, ২য় সংখ্যা

রঘুনাথগঞ্জ ১২ই জ্যৈষ্ঠ বুধবার, ১৩৯৪ সাল
২৭শে মে, ১৯৮৭ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲সডাক

## জঙ্গিপুর ব্যারেজের লোহা চুরি পুলিশের মনে সন্দেহ জাগাচ্ছে

আহিরণ : জঙ্গিপুর ব্যারেজ ডিভিসনের সাবডিভিসন 'এ' ষ্টোর ইয়ারড থেকে গত ১ এপ্রিল ১৪ টন লোহার শিক চুরি যায় এই মর্মে ব্যারেজ কর্তৃপক্ষ সুতী থানায় একটি অভিযোগ লিপিবদ্ধ করেন। কিন্তু এই চুরি কতজন ব্যক্তি করতে পারে সে রকম কোনও কথা অভিযোগে লিপিবদ্ধ করা হয়নি। পুলিসের সন্দেহ প্রথমতঃ ১৬ টন মালের মধ্যে ওজন করে কিভাবে ১৪ টন চুরি যায়। দ্বিতীয়তঃ ষ্টোর ইয়ারডের পাশে ট্রাক যাবার মতো কোন রাস্তা নেই। মানুষের মাথায় ১৪ টন লোহা কয়েক ঘন্টার মধ্যে নিয়ে যাওয়া কোন মতেই সম্ভব না। তাই পুলিশ চুরির জন্য কেবলমাত্র সি আই এস এফকে দায়ী করতে পারছেন না। এই চুরি তাঁরা রহস্যজনক মনে করছেন। এবং পূর্ণ তদন্ত হলে ঘটনা অনেক দূর গড়াবে বলে তাঁদের সন্দেহ। উল্লেখ্য, উক্ত ইয়ারডের ষ্টোর কীপার পুষ্প পাল কয়েক বছর হল ফরাক্কা থেকে জঙ্গিপুর ব্যারেজে বদলী হলেও তিনি এখানে থাকেন না। মাসের মধ্যে ৫/৬ দিন ১/২ ঘন্টার জন্য ফরাক্কা থেকে আসেন। তাঁর কাজকর্মে স্থানীয় কর্মী ও কনট্রাকটররা ক্ষুব্ধ। কনট্রাকটরদের অভিযোগ—পুষ্পবাবু নিয়মিত ষ্টোরে না আসার জন্য তাঁরা প্রয়োজন মতো মালপত্র পান না। এতে তাঁদের কাজে বিশেষ অসুবিধা হয়। ফরাক্কা লোক পাঠিয়ে ষ্টোরকীপারের সঙ্গে যোগাযোগ করে তবেই তাঁরা মালপত্র পান। এ ব্যাপারে কর্তৃপক্ষকে জানিয়েও কিছু হয়নি। পুষ্পবাবু জঙ্গিপুর ব্যারেজে না থাকলেও তাঁর দখলে একটি কোয়ার্টার অকেজো অবস্থায় ফেলে রেখেছেন বলেও তাঁরা জানান।

## ব্যাপক কয়লা চুরি দেখতে বিদ্যুৎ মন্ত্রী আসছেন

ফরাক্কা : বিহারের পিরপাইতি থেকে এন টি পি সির প্রয়োজনে প্রচুর কয়লা মালগাড়ীতে এখানে আসে। কিন্তু কিছুদিন থেকে তিলডাঙ্গার কাছে একদল সমাজবিরোধী মালগাড়ী থেকে নিয়মিত কয়লা নামিয়ে নিচ্ছে বলে খবর। এ ব্যাপারে ফরাক্কা থানাকে বার বার জানাবার পর এখানে একটি পুলিশ ক্যাম্প বসানো হয়। কিন্তু কয়লা চুরি বন্ধ হয়নি। স্থানীয় শান্তিপ্রিয় গ্রামবাসীদের অভিযোগ, পুলিশের মদতেই এরা বেপরোয়া ভাবে কয়লা পাচার করছে। কয়লার ব্যাপক চুরি বন্ধের উদ্দেশ্যে এন টি পি সি কর্তৃপক্ষ পশ্চিমবঙ্গের বিদ্যুৎ মন্ত্রী প্রবীর সেনগুপ্তের দৃষ্টি আকর্ষণ করেন। জানা যায় শ্রীসেনগুপ্ত সরজমিনে তদন্তে ৩১ মে ফরাক্কায় আসছেন।

## স্বাস্থ্যমন্ত্রকের কড়া নির্দেশে হাসপাতালে তৎপরতা

রঘুনাথগঞ্জ : স্বাস্থ্যমন্ত্রকের কড়া নির্দেশ প্রতিটি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে এসে পৌঁচেছে বলে জানা যায়। এই নির্দেশ আসাতে স্থানীয় হাসপাতাল প্রশাসনেও তৎপরতা বৃদ্ধি পেয়েছে বলে খবর। ভার-প্রাপ্ত মেডিকাল অফিসার কর্মী, নার্স ও ডাক্তারদের হাজিরা ও কাজকর্মের দিকে নাকি সজাগ দৃষ্টি রাখছেন। ওয়ার্ডগুলিতে অবাঞ্ছিত ব্যক্তিদের হামেশাই যাতায়াত নিয়ন্ত্রিত রাখার দিকে নজর দেওয়া হচ্ছে। এমন কি যাতে রোগীদের আত্মীয়স্বজন যখন তখন ওয়ার্ডের ভিতরে আসতে না পারেন তারজন্য নির্দিষ্ট সময় বেঁধে দেওয়া হচ্ছে। রাত্রে হাসপাতালের ওয়ার্ডে প্রবেশ নিয়ন্ত্রিত হয়েছে। হাসপাতাল চত্বরে সাইকেল নিয়ে ঘোরাফেরার উপরও নিষেধাজ্ঞা ঘোষিত হয়েছে। মেডিক্যাল অফিসার স্বয়ং সময়ে অসময়ে সরজমিনে হোমগার্ডরা ডিউটি দিচ্ছে কিনা, ঝাড়ুদাররা ঘরদুয়োর ঠিকমত পরিস্কার পরিচ্ছন্ন রাখছে কিনা দেখভাল করছেন। রোগীদের পরিচর্য্যা, জীবনদায়ী ওষুধের অভাব দূর করার দিকেও প্রশাসন সজাগ দৃষ্টি রাখছেন। হাসপাতাল কর্তৃপক্ষের হঠাৎ এত তৎপরতা দেখে জনৈক কর্মী মন্তব্য করলেন—স্বাস্থ্য মন্ত্রীর হাসপাতাল পরিদর্শনে আসার কথা আছে। তার জন্যই বোধহয় এত সব।

## কোর্টের আদেশ উপেক্ষিত

ফরাক্কা : এই থানার স্বামী পরিত্যক্তা নীরোদা মণ্ডল গত ১৯৮১ সালে স্বামী রবি মণ্ডলের বিরুদ্ধে খোর-পোষের মামলা করেন। দীর্ঘ পাঁচ বছর পর ১৯৮৬ তে তিনি মাসিক ৯০ টাকা হিসাবে খোরপোষের ডিক্রি পান। কিন্তু কোর্টের আদেশ উপেক্ষা করে রবি মণ্ডল আজও সেই টাকা নীরোদাকে দেননি। নীরোদার আবেদনে কোর্ট যথারীতি ডি-ডবলিউ জারি করলেও কোন ফল হয়নি। স্থানীয় থানাও নির্বিকার। অবশেষে অসহায়া নারীর আবেদনে সাড়া দিয়ে জঙ্গিপুরের সি আই অফ পুলিশ ফরাক্কা থানায় ম্যাসেজ পাঠিয়ে দ্রুত ব্যবস্থা নিতে আদেশ দিয়েছেন বলে জানা যায়।

## এস ডি পি ওর বিচারের দাবীতে আন্দোলন চলছে

রঘুনাথগঞ্জ : গত ৯ মে থেকে এ্যাডভোকেটদের যে কর্মবিরতি জঙ্গিপুর কোর্টে চলছে, তার ফয়সালা হবার লক্ষণ এখনও দূরঅস্ত। প্রশাসনিক কর্তৃপক্ষও অনুকূল অবস্থা ফিরিয়ে আনার কোন চেষ্টা করছেন না। এ্যাডভোকেটরাও দৃঢ় প্রতিজ্ঞ। যে কোন ক্ষয়ক্ষতির বিনিময়ে তাঁরা অপমানের বিচার বিভাগীয় তদন্ত করাবেন। আদালতের কাজ বন্ধ থাকায় মানুষের কষ্ট সীমাহীন এবং সরকারী তরফে অর্থক্ষতিও হচ্ছে প্রচুর। বিশেষ সূত্রে জানা যায়, এ ব্যাপারে তদন্ত করতে কলকাতা থেকে ডি আই জি ২৮ মে এখানে আসছেন।

## গণপ্রহারে সমাজবিরোধী নিহত তদন্তের নামে পুলিশী সন্ত্রাস

সাগরদীঘি : সম্প্রতি লুকারহাটে কুখ্যাত সাধু সেখ ও তার এক সহকারী গ্রামবাসীদের প্রহারে ঘটনা-স্থলে মারা যায়। প্রকাশ, গ্রামবাসীরা শত্রুতা করে ওদের জমির ফসল নষ্ট করছে খবর দিলে সাধু ও তার সাগরেদ গ্রামবাসীদের উপর চড়াও হয় ও বোমা ছোঁড়ে। বোমার আঘাতে (৬ষ্ঠ পৃষ্ঠায়)

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০ টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

১২ই জ্যৈষ্ঠ, বুধবার ১৩৯৪ সাল

## বিদ্রোহী কবি নজরুল

'রক্ত ঝরাতে পারি না ত একা/তাই লিখে যাই এ রক্তলেখা' বিদ্রোহী কবি নজরুলের এ মর্মবাণী বিদ্রোহী মনকে আলোড়িত করে। শুধু বিদ্রোহীই নয়, আধুনিক যুগের একজন শক্তিমান কবি কাজী নজরুল। 'বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই 'নবী'—কবির এই উক্তিতেই আধুনিকতার গন্ধ পাওয়া যায়।

কবি ছিলেন আজীবন সংগ্রামী। কখনও কবিয়াল, কখনও সৈনিক, কখনও সাংবাদিক এবং কখনও বা বিদ্রোহী। বিখ্যাত তিনি 'লেটো' স্বদেশী গান, প্রেমের গান, ভক্তির গান, সঙ্গীত প্রভৃতির জন্য। কবিজীবনে বহুমুখী প্রতিভার সমাবেশ হয়তো বা জীবন যন্ত্রণা ও গভীর উপলব্ধির বাস্তব বহিঃপ্রকাশ। তাঁর কাব্যেই নির্যাতিত দীনহীনের অব্যক্ত বিদ্রোহ, সর্বাপেক্ষা সার্থকভাবে বাণী লাভ করিয়াছে। তাঁহার কণ্ঠ তীব্র উন্মাদনায় স্পন্দিত হইয়াছিল। অবিচার অনাচার ও অত্যাচার প্রপীড়িত সর্বহারা জনগণের পার্শ্বে দাঁড়াইয় সামাজিক বৈষম্যের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাইয়া প্রতিকারের বলিষ্ঠ দাবি ঘোষণা করিয়াছিলেন। সেই কারণেই তিনি সাধারণ মানুষের নিকট এত সমাদর ও খ্যাতি লাভ করিয়াছিলেন। প্রসঙ্গতঃ তিনি লিখিয়াছিলেন, আমার অন্ধত্ব ঘুচে গেল। আমি আমার পৃথ্বীমাতার অঙ্গ-প্রত্যঙ্গের দিকে, বাঙলার দিকে, ভারতের দিকে চেয়ে দেখলাম—দৈন্যে, দারিদ্র্যে, অভাবে, অসুস্থের পীড়নে জর্জরিত হয়ে গেছেন। তাঁর মুখ চোখে আনন্দ নেই, দেহে শক্তি নেই, অঙ্গ-প্রত্যঙ্গ দৈত্যদানব রাক্ষসের নির্যাতনে ক্ষত বিক্ষত।

বাঙলা মায়ের দামাল ছেলে নজরুল। তিনি শুধুমাত্র কবি নহেন—জাগ্রত যৌবনের প্রতীক; তিনি আপামর জনসাধারণের কবি। আজন্মবিদ্রোহী। নব নবীনের জয়ধ্বজা উত্তোলনকারী। অন্যায় অসুন্দরকে উচ্ছেদ করিতেই যেন তাঁহার আবির্ভাব। তিনি গাহিয়াছেন:

ধ্বংস দেখে ভয় কেন তোর?—
প্রলয় নূতন সৃজন বেদন।
আসছে নবীন—জীবন-হারা অ-সুন্দরে
করতে ছেদন।

কিন্তু আজও কি আমরা 'অসুন্দরে'র অভিশাপ হইতে মুক্ত হইয়াছি? আজও আমাদের মধ্যে হানাহানি, কুৎসিৎ সাম্প্রদায়িকতা, জঘন্য প্রাদেশিকতা আর দলীয় রাজনীতির পঙ্কিল নোংরামি। আজ ত্রিশের দশকের সেই জাগ্রত যুবশক্তি যেন আফিমের মৌতাতে দিনের পর দিন ঝিমাইয়া পড়িতেছে। আজ আমরা সভ্যতার জাতীয়তা মন্ত্রে দীক্ষা গ্রহণ করিতেছি না—আন্তর্জাতিকতার মেকী বুলি কপচাইয়া অশ্লীল ইয়াঙ্কি কালচারের কুৎসিৎ বেলেল্লাপনায় মাতিয়া উঠিতেছি। আজ এই চরম অবক্ষয়ের দিনে পথভ্রষ্ট যুবসমাজকে নূতন করিয়া 'অগ্নিবীণা'র অগ্নিশপথ গ্রহণ করিতে হইবে। ছত্রিশ বৎসরের জীবনমৃত স্বাধীনতার পুনরুজ্জীবন ঘটাইতে হইবে বিদ্রোহের লাল নিশান উড়াইয়া দিকে দিকে রণদামামা বাজাইয়া বিদ্রোহী কবির নবমন্ত্র উচ্চারণ করিয়া:

'লাল পলটন মো'রা সাচ্চা
মোরা সৈনিক, মোরা শহীদান বীরবাচ্চা,
মার জালিমের দাঙ্গায়।
মোরা অসি বুকে ধরি' হাসি মুখে মরি
জয় স্বাধীনতা গাই।

## দাদাঠাকুরের প্রিয় নজরুল

শ্রীসনৎ ব্যানার্জী

কাজী নজরুল ইসলাম—বাংলার ইতিহাসে এক অত্যাশ্চর্য্য নাম। ফৌজি নজরুল দেশে ফিরেই নূতনভাবে দেশের স্বাধীনতার দিক নির্দেশ করলেন। চিরবিদ্রোহী কবির লেখনীতে ঝরে পড়লো দোলনচাঁপা, কণ্ঠে বিষের বাঁশি. বিদ্রোহের ঝঙ্কার ঝংকৃত হলো অগ্নিবীণায়। দেশের মানুষ অবাক বিস্ময়ে চেয়ে রইলো এই নবীন প্রতিভার নবোদিত সূর্য্যের দিকে। সেদিনের আর এক বিরল প্রতিভাধর শরৎচন্দ্র পণ্ডিতের (দাদাঠাকুর) সাথে গড়ে উঠে নজরুলের হৃদয়বন্ধন। তাঁদের ভালবাসা এত গভীর হলো যে দাদাঠাকুর নজরুলকে সম্বোধন করতেন 'তুই', আর নজরুল তাঁকে ডাকতেন 'দাদা' বলে। নজরুল দাদাঠাকুরের নামে তাঁর 'চন্দ্রবিন্দু' কাব্যগ্রন্থটি উৎসর্গ করে তাঁর প্রীতি ও শ্রদ্ধা নিবেদন করেন। উৎসর্গ পত্রে তিনি লেখেন শ্রীমদ্দাঠাকুর সমীপেষু', অর্থাৎ শ্রীমদ দাদাঠাকুর সমীপেষু। নজরুল বলতেন দাদাঠাকুরই এদেশে একমাত্র 'মদ্দা' বা পুরুষ। দাদাঠাকুরও নজরুলের 'ধূমকেতু'র উদ্বোধনের পর তাঁর শুভেচ্ছা পাঠান স্বভাবধর্মী সরস কবিতায়। আজ নজরুল জন্ম সবসে সেই কবিতাটির সম্পূর্ণ উদ্ধৃতি দেবার লোভ সংবরণ করতে পারলাম না।

"ধূমকেতু"র প্রতি ঢোঁড়ার অযাচিত আশীর্বাদ (১৩২৯ সাল ১ম বর্ষ ১৪শ সংখ্যা জঙ্গিপুর সংবাদ)

'ধূমকেতু'তে শওয়ার হ'য়ে—
আসরে আজ নামলো কাজী।
আয় চলে ভাই কাজের কাজী!
তোর সাচ্চা কথার আচ্ছা দাওয়াই
পাবে যারা বেইমান পাজি।
আয় চলে ভাই কাজের কাজী।
'হাবিলদার'! আজ আবিলতার
ক'লজে বিঁধে এপার ওপার
চালিয়ে বুলির গোলাগুলি
জাহির কর তোর গোলন্দাজী।
আয় চলে ভাই কাজের কাজী!
কোনটা বদ্দি কোনটা নেকী
কোন্‌টা খাঁটি কোন্‌টা মেকী—
দেশের লোককে দেখা দেখি রে—
নজরুলের তীক্ষ্ণ নজর
থাক্ করে দে'ক দাগাবাজী।
আয় চলে ভাই কাজের কাজী!
ধরিয়ে দে সব অত্যাচারী,
পাকড়া যত হত্যাকারী,
জোচ্চোরেদের দোকানদারী রে—
চোকে আঙ্গুল দিয়ে লোকের
দেখিয়ে দে সব ধাপপাবাজী॥
আয় চলে ভাই কাজের কাজী!
জানিস—কলির বামুন মোরা—
কেউটে নই যে আস্ত ঢোঁড়া,
কাজেই আশীষ ফলে থোড়া রে—
মোদের হরি, তোদের খোদা,
তোর উপরে হউন রাজি।
আয় চলে ভাই কাজের কাজী!

## রবীন্দ্র জয়ন্তী

সংবাদদাতা: গত ২৫ বৈশাখ মনিগ্রাম কিশোর সংঘের উদ্যোগে মহাসমারোহে বিশ্বকবি রবীন্দ্রনাথের ১২৬তম জন্মজয়ন্তী উদ্‌যাপিত হয়। আবৃত্তি, রবীন্দ্র সংগীতের মাধ্যমে দিনটিকে প্রাণবন্ত করে তোলা হয়। রবীন্দ্র অনুরাগী বহু ব্যক্তি আমন্ত্রিত হয়ে সভায় যোগ দেন। উপস্থিত ব্যক্তিদের মধ্যে জঙ্গিপুর হাই স্কুলের শিক্ষক ধূর্জটি বন্দোপাধ্যায় তাঁর মনোজ্ঞ ভাষণে রবীন্দ্রনাথ যে মহাকাব্যের কবি, এবং তিন কালের সঙ্গম ঘটিয়েছেন এ তথ্য সুন্দর করে ব্যাখ্যা করেন।

## শহীদ প্রফুল্ল চাকীর মৃত্যু বার্ষিকী

সংবাদদাতা: গত ২ মে বহরমপুরে অগ্নিযুগের তরুণ বিপ্লবী প্রফুল্ল চাকীর ৭৯তম মৃত্যু দিবস পালিত হয়। এই সভায় ১৯৮৮-র ডিসেম্বরে প্রফুল্ল চাকীর জন্ম শতবার্ষিকী পালনের সিদ্ধান্ত গৃহীত হয় ও শতবার্ষিকী উদযাপন কমিটি গঠন করা হয়। সভাপতি নির্বাচিত হন মুর্শিদাবাদ তথা ভারতের বিপ্লবী স্বাধীনতা সংগ্রামী ত্রিদিব চৌধুরী। শহীদের স্মৃতি রক্ষার্থে প্রফুল্ল চাকী অন্ধ কল্যাণ সমিতি গঠন করা হয়। সভাপতি নির্বাচিত হন বিশ্ব স্বাস্থ্য সংস্থার ভারতের প্রাক্তন প্রতিনিধি ডাঃ সমীর বাগচী। উভয় সংস্থার সম্পাদক নির্বাচিত হন পাঁচথুপী কেন্দ্রের বিশিষ্ট বিধায়ক অমলকুমার রায়। প্রভাত বাগচী ও শুভেন্দু মজুমদার যথাক্রমে ১০০১ ও ৫০১ টাকা স্মৃতিরক্ষা তহবিলে দান করার প্রতিশ্রুতি এই সভায় ঘোষণা করেন।

## বহরমপুর চলচ্চিত্র উৎসব—১৯৮৭

সংবাদদাতা : গত ২১ থেকে ২০ এপ্রিল পর্যান্ত বহরমপুর রবীন্দ্র ভবনে সংস্কৃতি পরিষদের উদ্যোগে ৬ষ্ঠ বহরমপুর চলচ্চিত্র উৎসব শেষ হলো। এবং উৎসব শুরু হয় পরিচালক প্রয়াত প্রমথেশ বড়ুয়ার 'মুক্তি' ছবির ৫০ বছর পূর্তি উৎসবের মধ্য দিয়ে। অন্যান্য চিত্রগুলির মধ্যে ছিল— উৎপলেন্দু চক্রবর্ত্তীর 'দেবশিশু', কেতন মেহতার 'ভবানী ভাওয়াই', চার্লি চ্যাপলিনের 'দি গ্রেট ডিকটেটার', গ্যাভা-সরাস পরিচালিত 'মিশিং' এছাড়াও 'দি লাষ্ট মেট্রো', চার্লি ক্যাভালকেড', 'লুকাস' প্রভৃতি শ্রেষ্ঠ বিদেশী ছবি। সত্যজিৎ রায়ের 'ইনার আই' ফিল্ম ডিভিশনের 'কাজী নজরুল ইসলাম', 'ম্যাজিক গার্ডেন' প্রভৃতি স্বল্প দৈর্ঘ্যের কয়েকটি মনোরম ছবিও। প্রদর্শনীগুলি মানুষের দৃষ্টি আকর্ষণ করলেও স্থানীয় বুদ্ধিজীবী মহলের অভিযোগ কর্তৃপক্ষ রবীন্দ্রসদনকে ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ এর অনুমোদিত স্থানীয় একটি বেসরকারী সংস্থার একচেটিয়া চলচ্চিত্র প্রদর্শন প্রেক্ষ গৃহে পরিণত করার সিদ্ধান্ত নেওয়ায় আগামী বছর থেকে হয়তো জনগণের অসহযোগিতার ফলে এই উৎসব পরিচালনা বন্ধ হয়ে যাবে।

## হাউসনগর হল্ট ষ্টেশনে বিক্ষোভ


ধুলিয়ান : সম্প্রতি হাউসনগর রেলওয়ে হল্ট ষ্টেশনে যাত্রী বিক্ষোভ হয়। জানা যায়, ঐ হল্টের অবিভাগীয় ষ্টেশন মাষ্টার কোন সময়ে কর্মস্থানে থাকেন না এবং যাত্রীরা টিকিট কাটতে গিয়ে তাঁকে না পাওয়ায় বিনা টিকিটে ট্রেনে চাপতে বাধ্য হয়ে হুজ্জতের মধ্যে পড়েন। যাত্রীরা এ ব্যাপারে প্রতিবাদ করতে গেলে তিনি বলেন—বেশী বাড়াবাড়ি করলে হল্ট ষ্টেশন উঠিয়ে দেবার ব্যবস্থা করবো। বহু আবেদনেও ট্রেন কর্তৃপক্ষের কুম্ভকর্ণের নিদ্রা ভঙ্গ না হওয়ায় যাত্রীরা বিক্ষোভের কর্মসূচী গ্রহণে বাধ্য হন।

## অধ্যাপক মানসিক ভারসাম্য হারিয়েছেন

জঙ্গিপুর : স্থানীয় কলেজের ছাত্র মহলের অভিযোগ—অধ্যাপক নিখিল আইচ পুনরায় মানসিক ভারসাম্য হারিয়েছেন। খবরে প্রকাশ, পূর্বে শ্রীআইচ বেশ কিছুদিন মানসিক রোগগ্রস্ত ছিলেন। ছাত্রদের ধারণা এখনও তিনি সম্পূর্ণ সুস্থ নন। কেননা তিনি ক্লাশে, রাস্তায়, ক্যান্টিন রুমে সর্বত্রই তাঁর কাছে টিউশনি পড়ার জন্য ছাত্রদের পরামর্শ দেন। তিনি অন্যান্য অধ্যাপকদের নামেও নাকি বিভিন্ন কুৎসা ছড়িয়ে তাঁদের অপদস্থ করার চেষ্টা চালাচ্ছেন। এমনকি তাঁর কাছে না পড়লে প্র্যাকটিকাল পরীক্ষায় ফেল করিয়ে দেবার হুমকীও দিচ্ছেন। সমস্ত ঘটনা ভারপ্রাপ্ত অধ্যক্ষকে জানান হয়েছে। এ ব্যাপারে অভিভাবকেরা মনে করেন—মানসিক রোগগ্রস্ত শিক্ষক দিয়ে পদার্থবিদ্যার মত শক্ত বিষয়ে অধ্যাপনার কাজ চালানো প্রহসন ছাড়া কিছুই নয়।

## মাথার উপরে বাড়ী পড়োপড়ো

জিয়াগঞ্জ : স্থানীয় দেবীপুর মোহান্ত গোবিন্দদাস প্রাথমিক স্কুলের সুবর্ণ জয়ন্তী ১৯৮৯ সালে অনুষ্ঠিত হয় বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্যে। শিক্ষা দপ্তরের ছোট. মেজ. বড় সব কর্তাই সেই উৎসবে এসে বহু প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও প্রায় ভেঙ্গে পড়া স্কুল গৃহটির আজও সংস্কার হয়নি। স্কুলের স্থানীয় কর্মকর্তারা এক সাক্ষাতকারে জানান, যে কোন মুহূর্তে দুর্ঘটনা ঘটতে পারে এই ভাবনায় তাঁরা সুপ্রাচীন স্কুলটি বন্ধ করে দেবার কথা চিন্তা করছেন। এ ব্যাপারে তাঁরা স্থানীয় জনসাধারণকে শিক্ষাদপ্তরের কর্তামহলের উপর চাপ সৃষ্টি করার আবেদন জানিয়েছেন।



# National Thermal Power Corporation Ltd.

(NTPC)

( A GOVERNMENT OF INDIA ENTERPRISE )

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN–742236 DIST. MURSHIDABAD ( W. B. )

GRAM : THERMPOWER

## MATERIALS MANAGEMENT DEPARTMENT

## Tender for Sale of Scrap and Unserviceable Items

Sealed tenders are invited from reputed parties for sale of following scrap and unserviceable items from NTPC Farakka on "AS IS WHERE IS BASIS".

| Tender No. & date | Lot No. | Lot description | Unit | Approx. qty. | EMD reqd. | Tender opening date |
|---|---|---|---|---|---|---|
| FS : 42 : MD : SSID 004 dt. 25. 5. 87 | 1 | Scrap Wood | MT | 400 | Rs 16000/- | 08-07-87 |
| | 2 | Empty wooden cable Drums (both in good & broken conditions ) | MT | 200 | Rs. 8000/- | |
| FS : 42 : MD : SSID 005 dt. 25. 5. 87 | 1 | Lot of Tyres, Tubes & Flaps. | Lot | | Rs 2000/- | 10 07-87 |
| | | Tyres | | 104 Nos. | | |
| | | Tubes/Flaps | | 125 Nos. | | |
| | 2 | Batteries 12V | Lot | 104 Nos. | | |
| | | 6V | | 34 Nos. | Rs 2000/- | |
| | 3 | Empty 205 lit drums in good condition | No | 1000 | Rs. 10,000/- | |
| | 4 | Empty drums of 205 lit. in damage/poor condition | No | 100 | Rs. 1000/- | |
| | 5 | 2 Track chain of Dozer (Alloy steel) | MT | 05 | Rs, 2000/- | |
| FS : 42 : MD : SSID 009 dt. 25. 5. 87 | 1 | Unserviceable Diesel Jeep (Mahindra) model 1980 Reg. No. WGZ 1581 | No | 01 | Rs. 4000/- | 10-07-87 |
| | 2 | Unserviceable Diesel Jeep (Mahindra) 1980 model Reg. No. WGZ 1584 | No | 01 | Rs. 4000/- | |
| | 3 | Unserviceable Ambassadar Car 1979 model Reg. No WMD 8890 | No | 01 | Rs. 4000/- | |

### TERMS AND CONDITIONS

1. Tender documents can be obtained from the Office of Senior Engineer (Stores) on payment of Rs. 30/- for each tender by DD payable at SBI, Farakka Barrage (Code No. 0218), SBI, Andua (Code No. 7099), UBI Khejuriaghat, Malda (Code No. C—69) in favor of NTPC or by cash at our cash counter. No other form of payment will be accepted,
2. Tenderers have to deposit EMD as above in the form of DD on above banks for the respective lot separately.
3. The details given above are only indicative. Full details are given in our tender documents.
4. The offers will remain valid for 45 days from the date of tender opening.
5. Inspection of materials can be done from 15 6-87 to 20-6-87 on all working days.
6. NTPC is not responsible for any postal/communication delays.
7. Offers received after tender opening date and time will not be entertained.
8. NTPC reserves the right for sale of tender documents, acceptance or rejection of any tender without assigning any reason whatsoever.

CHIEF MATERIALS MANAGER

## সমাজবিরোধী নিহত

(১ম পৃষ্ঠার পর)

৩/৪ জন গ্রামবাসী আহত হয়। উত্তেজিত গ্রামবাসীর হাতে লাখু ও তার সহকারী ধরা পড়ে ও গণপ্রহারে উভয়েরই মৃত্যু হয়। উল্লেখ্য, হুকারহাটে সংঘর্ষের ভয়ে পূর্ব থেকে পুলিশের ক্যাম্প বসানো হয়। অভিযোগ, তাদের সামনে বোমাবাজীর ঘটনা ঘটলেও পুলিশ লাখু সেখের কাজে বাধা দেয়নি। এই ঘটনাকে কেন্দ্র করে বর্তমানে গ্রামে পুলিশী সন্ত্রাস চালানো হচ্ছে বলে খবর। ৭০ বছরের বৃদ্ধ থেকে কিশোরদের বিরুদ্ধেও জারী হয়েছে গ্রেপ্তারী পরোয়ানা। গ্রামের অধিকাংশ ব্যক্তি গ্রাম ছেড়ে পালিয়েছে। সমাজবিরোধীরা হুমকী দিচ্ছে—গ্রাম থেকে ক্যাম্প উঠে গেলেই তারা এই খুনের বদলা নেবে। কিছু প্রভাবশালী ব্যক্তি পুলিশ ক্যাম্প যাতে উঠে যায় তার চেষ্টা চালাচ্ছেন।

ফ্রি সেলে নন লেভি এ সি সি
সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে
আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
**ইউনাইটেড ট্রেডিং কোং**
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )
ফোন জঙ্গিঃ ২৫, রঘু ১৬৬

## রঘুনাথগঞ্জ একবিংশতিতম নামযজ্ঞের ১৩৯৪ সালের হিসাব পেশ

জমা—

| | |
|---|---|
| মোট চাঁদা আদায়— | ১৩৪৩০'০০ |
| মোট চাউল আদায়— ১০ কুঃ ৬০ কেজি | |
| খরচ— | |
| কীর্ত্তন দল বিদায়— | ১৮১৯০'০০ |
| মঞ্চ ও প্যাণ্ডেল— | ৩২৯৫'০০ |
| কীর্ত্তন দল ও বহিরাগত অতিথি সেবা — | ৩৭২০'০০ |
| ভাগবৎ পাঠ, অধিবাস, মোহন্ত, প্রতিমা, পূজা বাবদ— | ১৮১০'০০ |
| ১৬৪ মোহন্তের ভোগ ও মহোৎসব বাবদ— | ৩১১৬'০০ |
| প্রেস বাবদ— | ১০৮৫'০০ |
| চাঁদা আদায়, মাইক, রিক্সাভ্যান, লেবারের মজুরী ও অন্যান্য খরচ সহ— | ১৪১২'০০ |
| | ৩২৬২৬'০০ |
| নগদ উদ্বৃত্ত — | ৮০৪'০০ |
| | ৩৩৪৩০'০০ |
| কীর্ত্তন দল ও বহিরাগত ভক্তদের সেবায়— | ৬কুঃ ৪০ কেজি |
| মহোৎসব বাবদ — | ৪ ,, ২০ ,, |
| | ১০ ,, ৬০ ,, |

শ্রীরবীন মুখার্জী, হিসাব পরীক্ষক
শ্রীরবীন্দ্রনাথ হালদার, সম্পাদক

মোঃ জঙ্গিপুর ১ম মুনসেফী আদালত
মোঃ নং ৫/৮৩ মানিজারী

ডিক্রিদার জামসেদ আলি দেন্দার প্রতিভাসুন্দরী দেবী

তপশীল

১। জেলা মুর্শিদাবাদ, থানা সুতী, মৌজা হিলোড়া মধ্যে খঃ নং ৩২২৪, দাগ নং ১০৩৬, ১০৪৮, পরিমাণ ৪১ মধ্যে ২০॥০, ৪৭ মধ্যে ২৩॥০, মোট ৪৪ শতক রায়ত স্থিতিবান স্বত্ব খাজনা ২-।০ টাকা মূল্য ৫০০

২। জেলা ঐ মৌজা ঐ সালিয়ানা ।১/২ পাই জমার অন্তর্গত খঃ নং ১৪৯২, দাগ নং ১৩৭৭. পরিমাণ ৩৭ মধ্যে ১৩ শতক পরত্তামত খাজনা ১/০ আনা স্থিতিবান স্বত্ব মূল্য ১৫০.

৩। জেলা ঐ, মৌজা ঐ মধ্যে সালিয়ানা ১৫।৬ পাই জমার অন্তর্গত খ; নং ৩৯৬৮, দাগ নং ৮২২৪, ৮২২৬, ৭৯৮৯ পরিমাণ ০৬ মধ্যে ১॥০ ৪৭ মধ্যে ১২॥০ ৯৭ মধ্যে ৪৮॥০, মোট ৬২ শতক মধ্যে খাজনা ৩॥/০ আনা স্থিতিবান মূল্য ২৫০

৪। জেলা ঐ মৌজা গাম্ভীরা সালিয়ানা /৬ পাই জমা মধ্যে খঃ নং ১১৮১, দাগ নং ২৮৩৪, পরিমাণ ০২ পাহাড় স্থিতিবান স্বত্ব মূল্য ১৫, খাজনা /৬ পাই

১০৩২'৭৯ সবলগে এক হাজার বত্রিশ টাকা উনআশি পয়সা।

by order of the Court
Sheristadar, Munsif 1st Court, Jangipur

বিশ্ব বিখ্যাত
লারসেন অ্যাণ্ড টুব্রোর সিমেন্ট
নিশ্চিন্তে ব্যবহার করুন
কারণ এর—
★ উচ্চতর শক্তি
★ সুনিশ্চিত মূল্য
★ অপরিবর্ত্তনীয় উৎকর্ষ
যা বাজারের অন্য কোন সিমেন্টের মধ্যে পাওয়া যায় না।
পশ্চিম জার্মানীর কুশলী সিমেন্ট বিশেষজ্ঞদের নবতম আবিষ্কার। ইহা উচ্চশক্তি সম্পন্ন। যে কোন নির্মাণ কার্য্য সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়। ঢালাই ও প্লাষ্টারিং-এর কাজে দ্রুত জমাট বাঁধা এবং পরিমাণে কম লাগে।
লারসেন অ্যাণ্ড টুব্রোর সিমেন্ট মানেই
নিরাপত্তার সুনিশ্চিত গ্যারান্টি
সত্বর যোগাযোগ করুনঃ
অনুমোদিত ষ্টকিষ্টঃ এস, এল, মুন্দ্রা
জঙ্গিপুর ফোনঃ ২১
এখন রঘুনাথগঞ্জেও পাওয়া যাচ্ছে
যোগাযোগ করুন : গৌতম ফার্মেসী, হাসপাতাল মোড়

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন তুলুর দোকানের
VIP সেন্টারে
এজেণ্ট
প্রভাত ষ্টোর (তুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অচ্যুতম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।